# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ত্বাওয়াফে এফাযাহ (طواف الإفاضة)

১০ই যিলহজ্জ কংকর নিক্ষেপ, কুরবানী ও মাথা মুন্ডন শেষে রাসূল (ছাঃ) মক্কায় গিয়ে বায়তুল্লাহর তাওয়াফ করেন। একে ‘ত্বাওয়াফে এফাযাহ’(طَوَافُ الْإِفَاضَةِ) বলা হয়। এটি হজ্জের অন্যতম রুকন। যা না করলে হজ্জ সম্পন্ন হয় না।.. অতঃপর তিনি যমযম কূপে আসেন। সেখানে বনু আব্দুল মুত্ত্বালিবের লোকেরা পূর্বের রীতি অনুযায়ী হাজীদের পানি পান করাচ্ছিলেন। সেখানে গিয়ে রাসূলুল্লাহ (ছাঃ) খুশী হয়ে বললেন,انْزِعُوْا بَنِى عَبْدِ الْمُطَّلِبِ فَلَوْلاَ أَنْ يَغْلِبَكُمُ النَّاسُ عَلَى سِقَايَتِكُمْ لَنَزَعْتُ مَعَكُمْ ‘হে বনু আব্দিল মুত্ত্বালিব! তোমরা পানি উত্তোলন কর। যদি তোমাদের উপরে লোকদের বিজয়ী হবার ভয় না থাকত, তাহ’লে আমি নিজেই তোমাদের সাথে পানি উত্তোলন করতাম’। অর্থাৎ রাসূল (ছাঃ) নিজে এই বরকতের কাজে অংশ নিলে অন্যেরাও ঐকাজে ঝাঁপিয়ে পড়ত। ফলে বনু আব্দিল মুত্ত্বালিবের অধিকার ক্ষুণ্ণ হ’ত। অতঃপর তারা রাসূল (ছাঃ)-কে এক বালতি পানি উঠিয়ে দিলেন এবং তিনি তা থেকে পান করলেন।[1] অতঃপর সেখান থেকে ফিরে তিনি মিনায় চলে আসেন।

ফুটনোট

[1]. মুসলিম হা/১২১৮ (১৪৭); মিশকাত হা/২৫৫৫; নাসাঈ হা/১৯০৫; আবুদাঊদ হা/২৭৬১; ইরওয়া হা/১০৭৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5727

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন